

# জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্মিলিত ১০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

## কাগজ :

নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

## রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সূতা :

নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও ‘১০০ টাকা’ লেখা আছে; সরাসরি তাকালে ‘লগো’ ও ‘১০০ টাকা’ লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে। জাল নোটের সূতা অনেক ক্ষেত্রে নথের আঁচড়ে উঠে যাবে।

## অতি ছেট আকারের লেখা :

নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে ‘BANGLADESH BANK’ পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছেট আকারের হওয়ায় আতঙ্গী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

## অসমতল ছাপা :

নোটের সামনের দিকে ইন্টাগ্রিল কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।

## জলছাপ :

কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 100 লেখা আছে এবং

জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।



## লুকানো ছাপা :

নোটের নিচের বর্ডারে সুষ্ঠু বা লুকানো অবস্থায় ‘১০০’ মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।



নোটের সাইজ ১৪০ × ৬২ মিলিমিটার।

নোটের উভয় পিঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ১০০, ইংরেজী 100, মধ্যভাগের লেখা, পেছনে তারা মসজিদ ও বর্ডার) ইন্টাগ্রিল কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।  
জাল নোটে অসমতল ছাপার রং অনেক ক্ষেত্রে নথের সামান্য আঁচড়েই উঠে যাবে।

## ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন



বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features

## রং পরিবর্তনশীল কালি :

উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 100 লেখাটি সরাসরি তাকালে সোনালী এবং তর্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

## ইন্টাগ্রিল লাইন :

নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্রিল কালিতে ৭ টি সমাত্রাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।

## অন্ধদের জন্য বিন্দু :

নোটের ডানদিকে অন্ধদের জন্য ৩টি ছেট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

## পশ্চাদপট (Background) মুদ্রণ :

নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্থিতিসৌধ মুদ্রিত রয়েছে।

## নোটের পিছন ভাগ :

নোটের পিছনের দিকে ইন্টাগ্রিল কালিতে ঢাকার তারা মসজিদ মুদ্রিত আছে যা হাতের আঙুলের স্পর্শে অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।